



বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীদের মাঝে খাজা মোজাম্মেল হক মেমোরিয়াল ফাউন্ডেশনের চেয়ারম্যান খাজা টিপু সুলতানসহ অন্যান্য অতিথিবৃন্দ

### খাজা মোজাম্মেল হক মেমোরিয়াল ফাউন্ডেশনের উদ্যোগে মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান

খাজা মোজাম্মেল হক মেমোরিয়াল ফাউন্ডেশন তিনটি ছুপের অর্ধশত মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান করেছে। গত ৩ মে সিরাজগঞ্জ জেলার বেলকুচি থানার আলহাজ্ব সিদ্দিকী উচ্চ বিদ্যালয়ে আয়োজিত এক সমাবেশে এই বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের চেয়ারম্যান খাজা টিপু সুলতান। থানার সোহাগপুর শ্যাম কিশোর উচ্চ বিদ্যালয়, আলহাজ্ব সিদ্দিকী উচ্চ বিদ্যালয় ও সোহাগপুর পাইলট

উচ্চ বালিকা বিদ্যালয়ের নবম ও দশম শ্রেণীর ছাত্রছাত্রীদের মধ্যে এই বৃত্তির টাকা প্রদান করা হয়। বৃত্তি প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আলহাজ্ব সামসুল আলম। বক্তব্য রাখেন ফাউন্ডেশনের অর্থ পরিচালক আলহাজ্ব ফারুক হোসেন, আলহাজ্ব সাইদুর রহমান, শাহজাহান আলী, আলহাজ্ব জুবায়ের হোসেন ও প্রকৌশলী বুরশীদ আহমেদ প্রমুখ। প্রধান অতিথির বক্তৃতায় খাজা টিপু সুলতান বলেন, ছাত্রছাত্রীদের মেধা বিকাশের লক্ষ্যে ভবিষ্যতে বৃত্তি কার্যক্রম আরও ব্যাপক আকারে প্রদান করা হবে। তিনি বলেন, ফাউন্ডেশনের স্বাস্থ্য সেবা কর্মসূচীর আওতায় ২৫ হাজার দুস্থ রোগীদের মাঝে বিনামূল্যে ওষুধ বিতরণ করা হয়েছে। উল্লেখ্য, উপমহাদেশের মহান সাধক খাজা এনায়েতপুরী (রঃ) চতুর্থ সাহেবজাদা ছিলেন খাজা মোজাম্মেল হক (রঃ)। স্বর সংবাদ বিজ্ঞপ্তির।